দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 05 APR 1989
পৃষ্ঠা 4 কলাম 1

৫১

## প্রদর্শন শিক্ষকদের পদোন্নতি

বিগত ১৩-৩-৮৯ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় উপরোক্ত শিরোনামে প্রকাশিত চিঠির প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে। মহামান্য রাষ্ট্রপতি ইতিপূর্বে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রদর্শন শিক্ষকদের প্রভাষক পদে পদোন্নতি ঘোষণা দিয়ে দীর্ঘ দিনের অবহেলিত একটি সমস্যার সমাধান করে মহানুভবতার পরিচয় দিয়েছেন। মহামান্য রাষ্ট্রপতির শাসনামলে দীর্ঘদিনে পুঞ্জীভূত অনেক সমস্যার ইতিবাচক সংস্কার সাধিত হয়েছে।

ফলে প্রভাষকের যোগ্যতাসম্পন্ন প্রদর্শন শিক্ষক যাঁরা সরকারী কলেজসমূহে শিক্ষকতা কাজে নিয়োজিত আছেন প্রিন্সিপাল অফ ন্যাচারাল জাস্টিস-এর বিধান অনুসারে তাদের পদোন্নতি দান করে সংশ্লিষ্ট শিক্ষকগণের মধ্যে সৃষ্ট হতাশা দূরীকরণে পুনরায় রাষ্ট্রপতির হস্তক্ষেপ কামনা করছি।

নাসরিন চৌধুরী, বি,এস-সি অনার্স, এমএস-সি, (ভূগোল বিভাগ), প্রদর্শন শিক্ষক, ভূগোল বিভাগ, সরকারী ইয়াসিন কলেজ, ফরিদপুর।